



রাজশাহীতে ৩২ ঘণ্টা পর গর্ত থেকে উদ্ধার হওয়া শিশু সাজিদ মারা গেছে



সংগৃহীত ছবি

তানোরে গভীর নলকূপের গর্তে পড়ে যাওয়া দুই বছর বয়সী শিশু সাজিদ ৩২ ঘণ্টা পরে জীবিত উদ্ধার হলেও হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। রাজশাহীর তানোরে একটি গভীর নলকূপের গর্তে পড়ে যাওয়া দুই বছর বয়সী শিশু সাজিদকে উদ্ধার করা হয়েছিল। শিশুটিকে তানোর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে বৃহস্পতিবার (১১ ডিসেম্বর) রাত ১০টার দিকে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। তানোর উপজেলা নির্বাহী কর্মকর্তা নাঈমা খান শিশুটির মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন।

LENS ASIA